তারিখ 14 JUL 2017
পৃষ্ঠা ৬ষ্ঠ কলাম ৩

যুগান্তর

# কালিয়াকৈরে প্রধান শিক্ষকের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ

**কালিয়াকৈর (গাজীপুর) প্রতিনিধি**

গাজীপুরের কালিয়াকৈর উপজেলার গোলাম নবী মডেল পাইলট উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক একরামুল হকের বিরুদ্ধে নানা অনিয়ম ও দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় বুধবার ওই বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্য আবুল হোসেন বাদী হয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে একটি লিখিত অভিযোগ দায়ের করেন।

বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও অভিযোগ সূত্রে জানা যায়, কালিয়াকৈর উপজেলার গোলাম নবী মডেল পাইলট উচ্চ বিদ্যালয়ে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক একরামুল হক ২০১৬ সালের ১ জুন সহকারী প্রধান শিক্ষক হিসেবে যোগদান করেন। দায়িত্ব পালনকালীন তার বিরুদ্ধে নানা অভিযোগ উঠেছে। সম্প্রতি পকেট কমিটি করার লক্ষ্যে কোনো সভা ছাড়াই স্বাক্ষরবিহীন খসড়া ভোটার তালিকা তৈরি করেন।

গত ১২ জুলাই তিনি অবৈধ খসড়া ভোটার তালিকা বৈধ করার লক্ষ্যে তার শুভাকাঙ্ক্ষীদের নিয়ে বিদ্যালয়ে ভূরিভোজের আয়োজন করেন। ভূরিভোজে ম্যানেজিং কমিটির কিছু সদস্য অংশগ্রহণ করলেও অধিকাংশ সদস্যই ছিল অনুপস্থিত। ভূরিভোজে বেশির ভাগ কমিটির বাইরে লোকজন ছিল। আবার এই ভূরিভোজের আর্থিক খরচ বিদ্যালয়ের ওপর চাপিয়ে দেয়া হয়।

এসব অনিয়ম ও দুর্নীতির ঘটনায় ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্য উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে একটি লিখিত অভিযোগ দায়ের করেন। এ ব্যাপারে অভিযুক্ত ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক একরামুল হক বলেন, সময় না থাকার কারণে মিটিং ছাড়াই খসড়া ভোটার তালিকা করা হয়েছে। সাবেক প্রধান শিক্ষক আমার বিরুদ্ধে ষড়যন্ত্র করে চলেছেন।

কালিয়াকৈর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ সানোয়ার হোসেন জানান, এ ঘটনায় একটি অভিযোগ পাওয়া গেছে। ওই বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রীমহোদয়। মন্ত্রীর সঙ্গে আলোচনা করে তদন্তসাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।